

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd



স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১২.০০১.১৮(অংশ-১)/ ৪৬৬


তারিখঃ ০১ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ
১৭ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য অধিদপ্তরধীন স্বাস্থ্য শিক্ষা ব্যুরোর বিভিন্ন ক্যাটাগরির শূন্য পদে সরাসরি জনবল নিয়োগ

সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃ/স্বাঃশিঃব্যুঃ/শূন্য পদ/প্রশাঃ২০২০/১৩৯, তারিখঃ ০৯/০৩/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তরধীন স্বাস্থ্য শিক্ষা ব্যুরোর ৭ম ও ৯ম গ্রেডের বিভিন্ন ক্যাটাগরির মোট ৪০ টি কর্ম কমিশনের মাধ্যমে এবং ৩য় শ্রেণির ৮৪টি ও ৪র্থ শ্রেণির ৩৪ টি শূন্য পদের ছাড়পত্র প্রদানের জন্য সূত্রোক্ত স্মারকে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাব পর্যালোচনায় দেখা যায়, ৭ম ও ৯ম গ্রেডের পদের ক্ষেত্রে রিকুইজিশন ফরম, পদবিন্যাস ছক, কোথায় পদ শূন্য রয়েছে সে সংক্রান্ত তথ্য, পদ সৃজনের জিও এবং পদের বিরুদ্ধে মামলা সংক্রান্ত প্রত্যয়নপত্র প্রদান করা হয়নি। ৩য় ও ৪র্থ শ্রেণির পদের ক্ষেত্রে অনুমোদিত নিয়োগবিধি এবং খসড়া নিয়োগবিধি মোতাবেক প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তাছাড়া পদের বিরুদ্ধে মামলা সংক্রান্ত প্রত্যয়নপত্র এবং পদ সৃজনের আদেশ প্রেরণ করা হয়নি।

২। এমতাবস্থায়, স্বাস্থ্য শিক্ষা ব্যুরোর ৭ম ও ৯ম গ্রেডের বিভিন্ন ক্যাটাগরির মোট ৪০ টি কর্ম কমিশনের মাধ্যমে পূরণের লক্ষ্যে রিকুইজিশন ফরম, পদ বিন্যাস ছক, পদের বিরুদ্ধে মামলা রয়েছে কিনা সে সংক্রান্ত প্রত্যয়নপত্র, পদ সৃজনের আদেশ, কোন কোন জেলায় পদ শূন্য রয়েছে সে সংক্রান্ত তথ্যসহ যথাযথভাবে স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে প্রস্তাব প্রেরণ করা জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। সেই সঙ্গে ৩য় ও ৪র্থ শ্রেণির পদের ক্ষেত্রে খসড়া নিয়োগবিধি মোতাবেক সৃজনকৃত পদ বাদ দিয়ে শুধুমাত্র অনুমোদিত নিয়োগবিধি মোতাবেক নির্ধারিত ছকে তথ্যাদি, পদ সৃজনের আদেশ, মামলা সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ ছাড়পত্র প্রদানের প্রস্তাব স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।


(মোঃ আবদুছ সালাম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

প্রধান
স্বাস্থ্য শিক্ষা ব্যুরো
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা {দৃঃআঃ পরিচালক (প্রশাসন)}
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd



স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১২.০০১.১৮(অংশ-১)/৬৬৪


তারিখঃ ০১ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ
১৭ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য অধিদপ্তরবাহীন বিভিন্ন ক্যাটাগরির শূন্য পদে সরাসরি জনবল নিয়োগ

সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃপ্রশাঃ/ছাড়পত্র-২২/২০১১/১৫৪০, তারিখঃ ২৩/০৩/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তরের ৯ম গ্রেডের সহকারী পরিসংখ্যান কর্মকর্তা, বায়োকেমিস্ট ও ফার্মাসিস্ট (গ্রাজুয়েট) এবং ১০ম গ্রেডের জেলা কীটতত্ত্ববিদ ও সমাজকল্যাণ অফিসার পদে সরাসরি জনবল নিয়োগের বিষয়ে সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত প্রস্তাবের সঙ্গে পদবিন্যাস ছক এবং মামলা সংক্রান্ত প্রত্যয়নপত্র প্রেরণ করা হয়নি। এছাড়া ১০ম গ্রেডের জেলা কীটতত্ত্ববিদ ও সমাজকল্যাণ অফিসার পদের ক্ষেত্রে রিকুইজিশন ফরমের নির্ধারিত স্থানে নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর মহোদয়ের স্বাক্ষর নেই।

২। এমতাবস্থায়, সূত্রোক্ত স্মারকে প্রস্তাবিত পদসমূহের পদবিন্যাস ছক এবং মামলা সংক্রান্ত প্রত্যয়নপত্র এবং ১০ম গ্রেডের জেলা কীটতত্ত্ববিদ ও সমাজকল্যাণ অফিসার পদের ক্ষেত্রে রিকুইজিশন ফরম(নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(মোঃ আবদুছ সালাম)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা
{দৃঃআঃ পরিচালক (প্রশাসন)}

অনুলিপিঃ

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়